

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৭৫

পর্ব-১৩: বিবাহ (৮১১। ১৯৮১)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যে নারীদেরকে বিয়ে করা হারাম

আরবী

وَعَنْ أَبِي الطُّفَيْلِ الْغَنُوِيِّ قَالَ: كُنْتُ جَالِسًا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أَقْبَلَتِ المَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أَقْبَلَتِ المَّهُ عَلَيْهِ فَلَمَّا ذَهَبَتْ قِيلَ هَذِهِ المَّرُأَةُ فَبَسَطَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رِدَاءَهُ حَتَّى قَعَدَتْ عَلَيْهِ فَلَمَّا ذَهَبَتْ قِيلَ هَذِهِ أَرْضَعَتِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩১৭৫-[১৬] আবৃ তুফায়ল আল গানবী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বসেছিলাম এমন সময় এক মহিলা আসলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় (শরীরের) চাদর বিছিয়ে দিলেন, উক্ত মহিলা তার উপর বসলেন। যখন সে চলে গেলেন, তখন (সাহাবীগণের) কেউ বলল, এ মহিলা তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দুধপান করিয়েছেন। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৫১৪৪, তিরমিয়ী ১১৫৩। কারণ এর সনদে জা'ফার বিন ইয়াহ্ইয়া ও 'উমারাহ্ বিন সাওবান উভয়েই মাসতুরুল হাল।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ জি'রানী হলো, মক্কার নিকটবর্তী একটি পরিচিত জায়গার নাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে হুনায়ন যুদ্ধের গনীমাত বণ্টনের জন্য ১০ দিনের বেশী সময় অবস্থান করছিলেন।

আল হাফিয (রহঃ) বলেনঃ হালিমাতুস্ সা'দিয়্যাহ্ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দুধ মা ছিলেন। তিনি আবূ যুআয়ব-এর কন্যা ছিলেন। তার নাম 'আব্দুল্লাহ বিন হারিস বিন সা'দ বিন বাকর বিন হাওযান। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫১৩৫; মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন